আড্ডা ঘরে
লাইভ আড্ডা

প্রাককথন

সেদিন হঠাৎ করেই সাইফুল ভাই আমাকে বললেন একটা চাইনিজের দাওয়াতে এ্যাটেন্ড করতে হবে। বুঝতেই পারছেন লোভনীয় অফার। বললাম 'কোথায় ?' তিনি দেখালেন কার্ড। দেখলাম বাবল জেট কালার প্রিন্টের একটি নিমন্ত্রণ পত্র এসেছে। আরো দেখলাম ১০ জুলাই সন্ধে ৭-৩০ মিনিট— উৎসাহ কিছুটা দমে যাবার উপক্রম। তিনি বললেন, 'আচ্ছা তুমি সম্ভব হলে যাবে, এটা এখানে থাক, সময় করতে পারলে যাবে। পরে আবার কী মনে করে টেবিল থেকে কার্ডটা নিলাম, দেশী চ্যাট তথা আড্ডাঘরের গেট-টুগেদার... আর লোকেশনটাও কাছেই অর্থাৎ মিরপুর রোডের উপরে লালমাটিয়া ব্লক-এ-তে 'চায়নাটাউন চায়নিজ রেস্টুরেন্ট'।

দেশীচ্যাট বা আড্ডাঘরে তেমন যাওয়া হয় নি। তবে বেশ কিছুদিন যাবৎ আড্ডাক্যাফে নামক অন্য একটি জনপ্রিয় চ্যাট সার্ভারের ঢাকার এ্যাডমিন হবার সুবাদে মাঝেমধ্যে অন্য চ্যাটরুমে অর্থাৎ দেশীচ্যাটেও অনেক সময় ঢুঁ মারতে হয়েছে। আর mirc স্ক্রিপ্ট লেখা ও রিপিং করার সুবাদে অন্যান্য স্ক্রিপ্টের মতো দেশীচ্যাটের স্ক্রিপ্ট নিয়ে কাটাছেঁড়া করার কারণেই তাদের এই লাইভ আড্ডা কিছুটা হলেও আকৃষ্ট করল আমাকে। তাছাড়া আড্ডাক্যাফের গত বছর অনুষ্ঠিত পার্টিতে না যেতে পারাটা পুষিয়ে নেয়ার চেষ্টাও ছিল বলা যায়।

যথারীতি গিয়ে হাজির হলাম একটু দেরি করেই, অর্থাৎ ৭-৪০ মিনিটে, কেননা আমাদের বাঙালিদের তো অনুষ্ঠান একটু দেরিতেই শুরু করার রেওয়াজ। ঢুকে দেখলাম লোক সমাগম নেহাত কম হয় নি। শিশু-কিশোর, সুদর্শন যুবক, প্রবীণ (কিন্তু অন্তরে কৈশোর লালন করা) আর অপ্সরী সদৃশ ললনাদের গুঞ্জনে মুখরিত পুরো রেস্টুরেন্ট। যাক ঠিক সময়েই এসেছি, মনে মনে বললাম। খুঁজতে লাগলাম আয়োজকদেরকে। তাদের টেবিলের কাছাকাছি হতেই জহির ভাই জেরা শুরু করলেন— চ্যাটরুমের নিক বলুন। অগত্যা নিমন্ত্রণপত্র বের করলাম। 'উঁহু ওতে কাজ হবে না'— ভ্যাবাচ্যাকা খাবার উপক্রম... অগত্যা টুমরো থেকে এসেছি বলাতে লজ্জা পেলেন। অতঃপর উপবেশন, উপভোগকরণ (অনুষ্ঠানটি), আহার



ও যথারীতি বাড়ির ছেলে বাড়িতে ফিরে আসা... কিন্তু কাঁধে তো দায়িত্বও চাপল। অর্থাৎ আপনাদের I mean চ্যাটার এবং নন-চ্যাটারদের জানাতে হবে না কেমন হলো এ আয়োজনটি ? সেসবের ছোঁয়া যাতে অনুপস্থিত সবার কাছে পৌঁছে যায়। আর গুটিকয়েক যারা উপস্থিত ছিলেন তাদের স্মৃতিচারণ সুবিধা হয় তারই জন্য এ অধমের অসম প্রয়াস এই প্রতিবেদন।

দেশীচ্যাট-আড্ডাঘর আর IFF

দেশীচ্যাট ও আড্ডাঘর মূলত একই চ্যাট নেটওয়ার্ক। বাংলাদেশী তথা বাংলাভাষাভাষীদের মধ্যে তুমুল জনপ্রিয় পাঁচটি চ্যাটরুমের নাম করলে দেশীচ্যাট তথা আড্ডাঘরের নাম করতেই হয়। তাদের সাথে যুক্ত হয়েছে— International Friendship Forum (IFF) টেক্সট ও ভয়েস চ্যাটে ভাব বিনিময় করতে করতে বন্ধুত্ব ও তা থেকে ধীরে ধীরে প্রণয় এমনকি বিয়ের কথাও আমরা শুনেছি। কিন্তু চ্যাটাররা মুখোমুখি কথা বলছেন, এমনটা খুব কমই হয়। যেমন আমি এ পর্যন্ত কেবল আড্ডাক্যাফে'র ওয়ালিদ তথা চট্টগ্রামের 'ঝাটকি বান্দর ওয়ালিদ-এর সাথেই মুখোমুখি হয়েছিলাম। তাই বলতে পারি IFF এবং দেশীচ্যাটের এ প্রয়াস অনন্য। এবারের আয়োজনে প্রায় ৬০জন ইউজার একত্র হয়েছিলেন তারমধ্যে চারজন আবার বিভিন্ন প্রান্ত থেকে। এরা হলেন— মোতালেব হোসেন— নরওয়ে, অংশু ও পিয়াস— অস্ট্রেলিয়া আর স্বপ্নিল, চট্টগ্রাম। জানা গেল, এবারের মতো বড় আয়োজন আর হয় নি। মূলত IFF-এর অর্থায়নেই এটি সম্ভব হয়েছে— জানালেন ফরনিক্স সফটের ইঞ্জিনিয়ার কাজী জহির। এখানে একটু বলা প্রয়োজন IFF সম্পর্কে। এটিতে দেশে-বিদেশে বন্ধুভাবাপন্ন বাংলাদেশীরা অনুদান দিয়ে থাকেন। বিভিন্ন সেবামূলক কাজে IFF অংশ নিয়ে থাকে।

এবার আসি অনুষ্ঠানের বিবরণে...

অনুষ্ঠান শুরু হয় একতারের তৈরি বিশেষ বেহালার সুর দিয়ে। একজন শিল্পী বাজিয়ে শোনান এটি। উপস্থাপক হিসেবে দেখা গেল চ্যাটরুমের অধরাকে। তিনি একে একে আগত নিকধারী অতিথিদের মাইকে ডাকছিলেন, অনেকটা ভয়েস চ্যাট স্টাইলে। দেখা গেল বিখ্যাত কালপুরুষ কে— যিনি প্রবীণ হয়েও নবীনমনা, খেয়ালি ছড়াকার, চ্যাটরুমে তার মজার মজার কথায় আর ছড়ায় মাতিয়ে রাখেন সবাইকে। জানা গেল রাজউকের একজন কর্মকর্তা তিনি। কালপুরুষ নিক-এর অন্তরালের ব্যক্তির পরিচয় ফাঁস হয়ে গেল বলে কপট আক্ষেপ দেখালেন তিনি। বললেন, স্ত্রী একদিন প্রায় জোর করেই বসিয়ে দিয়েছিলেন পিসিতে... তারপর বাচ্চাদের চ্যাট করা দেখে একসময় চ্যাটার হয়ে যাওয়া। চমৎকার একটি কবিতা শোনালেন তিনি— 'আমার কাছে ভালোবাসা আছে...' তার মতে, 'মানুষকে ভালোবাসার চেয়ে আনন্দ নেই আর কোনোকিছুতে...'। অধরার একটি মুদ্রাদোষ লক্ষ করা গেল, তা হচ্ছে বারবার 'তাই না ?' বলা। একসময় নিজেই বুঝতে পেরে নিজেকেই যেন শোনানোর ভঙ্গিতে কয়েকবার বললেন 'তাই না ?' নিকনেম যার পাগলাভাই এসেই জানালেন 'এখন মাইকে এসেছি তবে কী মজা লাগছে কিক করার কেউ নেই...' কে যেন বলে উঠল, 'আর চাইলে রিয়েল রেডি আছে'। ইনি এসেছেন সুদূর ক্যানবেরা থেকে। পাগলি কোথায় ? সেটিও সবার প্রশ্ন ছিল।

দাদাভাই নিকের আরেকজন প্রবীণ চ্যাটারকে দেখা গেল যিনি বিব্রত বোধ করছিলেন বয়স নিয়ে। অধরা শুধরে দিলেন, বন্ধুত্বের জন্য বয়স কোনো ব্যাপার নয়। দেখা গেল আরেক কবি চ্যাটার রায়ানকে। টিনটিন নিক-এর বন্ধুটি বললেন টেক্সটে টাইপ করে চ্যাট করতেই তিনি অভ্যস্ত; মাইকে অসহায়। আড্ডা নিক-এর ইউজারেরও টিনটিন-এর মতো একই সুর... কথা বলার সময় টাইপ করার ভঙ্গিতে এয়ারি জেসচার চলছিল। জহির ভাই বললেন, 'হাত চলে Always?' দুষ্টুমি ভরা হ্যাঁ-সূচক হাসিতে মাথা দোলালেন। Tears এসেই অভিযোগ করে বসলেন VC-তে (Voice Chat) মাইক পাই নি একবারো... যেন সংসদের বিরোধীদল। জহির ভাই সংসদনেতার মতো করে বললেন, 'এবার দেখব'। বুঝতেই পারছেন জমজমাট অবস্থা আর কি।

রূপকুমার জানালেন যারা তাকে রূপবান ভেবেছিলেন তাদের জন্য তিনি সমব্যথী। যদিও তিনি রূপের অধিকারী বললে অত্যুক্তি হবে না। তার স্বভাবসুলভ জয়েনিং গ্রিটিংস অর্থাৎ চ্যাটরুমে ঢুকেই সবাইকে

'চুম্মা অল!!' বলে হাসির বন্যা বইয়ে দিলেন। এরপর গাইলেন, 'অন্তরে তুষের আগুন... জ্বলে রইয়া রইয়া...'

সা'দ তথা মোতালেব হোসেন (অনুষ্ঠানের মূল উদ্যোক্তা)-এর মতে জর্দা ছাড়া পান আর সঙ্গত ছাড়া গান না জমার কথা থাকলেও তার 'ও আমার বাংলা মা তোর আকুল করা রূপের সুধায়...' শেষ হতে না হতেই রিকোয়েস্ট আসল... 'ওয়ান মোর'। তিনি আবার গাইলেন, 'যদি কাগজে লিখ নাম কাগজ ছিঁড়ে যাবে...' কালপুরুষকে দেখা গেল আবেশে মাথা দোলাচ্ছেন। সুদর্শন বংশীবাদক সুজন বাজালেন মোহনীয় সুর 'ওরে নীল দরিয়া...' আবারো অনুরোধ এল কোনো হিন্দি গান যাতে এবার বাজানো হয়, কিন্তু মনে-প্রাণে বাঙালি সুজন হিন্দি জানা নেই বলে বাজালেন 'হলুদিয়া পাখি সোনারই বরণ...'।

স্বপ্নীল গাইলেন রবীন্দ্রগীতি— 'দাঁড়িয়ে আছো তুমি আমার গানের...'। তারপরই একটি মনোমুগ্ধকর হিন্দি গান যা অডিয়েন্সও কোরাস গাইল। সিসটেকের মাহবুবুর রহমান বললেন— আমি আর কী বলব আমি উন্মুখ হয়ে আছি আপনাদের অভিজ্ঞতা শোনার জন্য। সম্ভবত জহির ভাইয়ের কথা যখন জানলেন যে তিনি 'সিঙ্গেল', মজা করে বললেন ৪ বছর চ্যাট করেও এখনো সিঙ্গেল!

আড্ডাঘরের এ্যাডমিন কাজী জহির জানালেন তার নিক Zahir3k অর্থাৎ ৩০০০ সালে আসার কথা তার এই ধরাধামে। সৃষ্টিকর্তা বোধকরি ভুল করেই পাঠিয়ে দিয়েছেন আগেভাগেই। সবাইকে জানালেন আমার কাজ হচ্ছে চ্যাটরুমে ইউজারদের শান (Shun) করা। তিনি বললেন এই গেট-টুগেদার হচ্ছে চ্যাট-এর আড্ডায় কল্পনার রঙতুলিতে একে অপরের মানসপটে আঁকা ছবির সাথে চাক্ষুস মিলিয়ে নেবার সুযোগ। বন্ধুত্ব ও ভ্রাতৃত্বের বন্ধন আরো দৃঢ়তর করতে এটি সহায়ক হবে বলে তার ধারণা। কেননা চ্যাটের বন্ধুত্ব অনেক ক্ষেত্রেই ভার্চুয়াল বা কাল্পনিক। অনুষ্ঠানের সময় প্রায়ই উদ্বিগ্ন চেহারায় কাজী জহিরকে দেখা গেল মোবাইলে অনুষ্ঠানের প্রধান অতিথি সবুর খানের আসার ব্যাপারে যোগাযোগ করছেন। ডিনারের মাঝামাঝিতে জানা গেল তিনি এসে পৌঁছবেন কয়েক মিনিটের মধ্যেই। সবাই ভেবেছিল চিরাচরিত নিয়ম মেনেই প্রধান অতিথি আসতে দেরি করছেন, কিন্তু না তিনি নাকি সুদূর চট্টগ্রাম থেকে অনুষ্ঠানে আসার পথে জ্যামে পড়ে গিয়েছিলেন। ডিনারের মধ্যেও চলল কলাকুশলিদের বিভিন্ন পরিবেশনা।

অনেকক্ষণ সবুরে রেখে জনাব সবুর খান এলেন। আগেই ক্ষমা চেয়ে নিলেন সবার কাছে, তার অনুভূতি জানালেন। বললেন, এ ধরনের অনুষ্ঠানে তিনি এই প্রথম এবং এটি একটি চমৎকার অভিজ্ঞতা। আড্ডাঘর ও IFF-কে উৎসাহ দিয়ে নানা পরামর্শও তিনি দিলেন।

চ্যাটাররা জানালেন, বিশেষ করে যারা প্রবাসে আছেন— বাংলাদেশ, বাংলা কথা, বাংলা গান, বাংলা কবিতা এসব মিস করছেন— চ্যাট রুমে এসে সেই কষ্টটা কিছুটা হলেও কমার সুযোগ হয়। তাছাড়া প্রবাসীরা দেশের খবরা-খবর বাংলাদেশের বন্ধুদের কাছ থেকে যেমন জানতে পারে, তেমনি বাংলাদেশী বন্ধুরাও প্রবাসী বন্ধুদের কাছে ব্যবসা-বাণিজ্য ও উচ্চশিক্ষার জন্য বাইরে যাওয়ার ব্যাপারে অনেক সহায়তা পেয়ে থাকেন। এভাবে ভার্চুয়াল সাইবার স্পেসে মনে হয়, সবাই যেন এক ঘরে বসে কথা বলছে বাংলাদেশের কোনো এক জায়গাতে।

এ্যাডমিনদের কয়েকজন জানালেন অনেকেই বাংলা শেখার জন্যই চ্যাটরুমে আসেন। এমনকি এরকম এক নয় বছর বয়সী খুদে প্রবাসী চ্যাটারের কথাও তিনি জানালেন। অনেককেই নাকি ওয়ান-টু-ওয়ান (মোবাইল প্যাকেজের মতো প্রাইভেট চ্যাটের নাম বলছেন মজা করে) করে শেখাতে হয় কোন বাংলা শব্দের অর্থ কী। তারা জানালেন তাদের বাংলা শেখার একটি ওয়েবসাইটেরও কাজ চলছে। আইএফএফ-এর সহযোগিতায় কতগুলো সেবামূলক কাজের পরিকল্পনার কথাও জানালেন তারা, যেমন— স্বেচ্ছায় রক্তদানের জন্য অনলাইনে যোগাযোগের ব্যবস্থা। ভবিষ্যৎ পরিকল্পনার ব্যাপারে জানতে চাইলে জহির জানালেন যে, তারা আরো এরকম আয়োজন তো করবেনই। তদুপরি ১০ জুলাইকে বিশেষত্ব দিয়ে, এই তারিখে আরো নানান পরিকল্পনার কথাও জানালেন। যেমন— ১০ জুলাইকে ফ্রেন্ডশিপ ডে করতে তারা আগ্রহী। অনুষ্ঠানটির ত্রুটি নেই বললেই চলে। তবে গান, কবিতা ইত্যাদির জন্য বাদ্যযন্ত্রের অভাবটা লক্ষণীয় ছিল। অনুষ্ঠানটির প্রধান অতিথি ছিলেন ড্যাফোডিল কম্পিউটার-এর চেয়ারম্যান জনাব সবুর খান, বিশেষ অতিথি সিসটেক পাবলিকেশনের প্রধান নির্বাহী জনাব মাহবুবুর রহমান এবং আইএফএফ-এর সভাপতি জনাব মোতালেব হোসন এবং আরো অনেকে। সুদূর আমেরিকা থেকে সর্বাত্মক সহযোগিতায় ছিলেন দেশীচ্যাটের এ্যাডমিন মুক্তাভাই, যিনি }{-man নিক দিয়ে সবার কাছে পরিচিত।

চ্যাটরুম এ্যাড্রেস—
irc.deshichat.com
www.addaghar.com

পরিশেষে কয়েকটি কথা বলব বাংলাদেশের নবীন আইটি উৎসাহীদের। চ্যাটিং বা আড্ডা অবশ্যই আপনার আমার সবারই ভালো লাগে। কিন্তু অতিরিক্ত যাতে না হয় সেদিকে লক্ষ রাখা জরুরি। কেননা চ্যাটিং করা ছাড়াও আপনার আরো অনেক কিছু করার আছে। নিজেকে গড়ার, সামনের প্রবল প্রতিযোগিতামূলক বিশ্বায়নের যুগে যাতে হারিয়ে যেতে না হয় সেভাবে নিজেকে যোগ্য প্রতিপন্ন করায় মনোনিবেশ করুন।

■ গাজী লেনিন
ghazilenin@hotmail.com

শহরের সেরা আই এস পি
BANGLADESH ONLINE LTD
A BEXIMCO COMPANY
বাংলাদেশ অনলাইন লিমিটেড
২৪ ঘন্টা গ্রাহক ফোন সেবা : ৯১২৯৯৪৪, ০১৭১ ৬১৭০০৮, ওয়েব সাইট: www.bol-online.com

দেশী ওয়েব



ডক্টরস অফ বাংলাদেশ

বাংলাদেশ মেডিক্যালভিত্তিক ওয়েব পোর্টাল-এর সংখ্যা অনেক হলেও এর মধ্যে আন্তর্জাতিক মানের ওয়েব পোর্টাল রয়েছে খুবই কম। www.doctorsofbangladesh.com তেমনি একটি ওয়েব পোর্টাল। এই সাইটটি এ পর্যন্ত বাংলাদেশের মধ্যে সর্ববৃহৎ মেডিক্যাল পোর্টাল যা ওয়ার্ল্ড সামিট এ্যাওয়ার্ড ২০০৩ E-health এ সেক্টরে বাংলাদেশের মনোনীত ওয়েবসাইট। মেডিক্যাল তথ্যসমৃদ্ধ এই ওয়েব সাইটটিতে রয়েছে বাংলাদেশের প্রায় সাত শ এর অধিক বিভিন্ন স্পেশালিস্ট ডাক্তারদের নাম, ঠিকানা— তারা কখন রোগী দেখেন, ভিজিট কত, রোগীদের প্রতি তাদের উপদেশ, তাদের অভিজ্ঞতাসহ আরো অনেক তথ্য। আরো রয়েছে বাংলাদেশের বিভিন্ন ডায়াগনস্টিক সেন্টার, মেডিক্যাল ইনস্টিটিউট, হসপিটাল, ক্লিনিক ও বিভিন্ন ফার্মাসিউটিক্যাল কোম্পানিগুলো সম্পর্কে তথ্য। জানা যাবে এইডস, এ্যাজমা, ক্যান্সার, জন্ডিস, মানসিক রোগসহ বিভিন্ন রোগ ও তার চিকিৎসা, দেশ-বিদেশের মেডিক্যাল সম্পর্কিত বিভিন্ন নিউজ, গবেষণা ও এ সম্পর্কিত প্রবন্ধ। ডাক্তাররা চাইলে অনলাইনে দেশের যে-কোনো স্থানে বসেই এই পোর্টালের মেম্বার হতে পারবেন। এর জন্য Online membership ফর্মটি পূরণ করে দিলেই হবে। তৈরি হয়ে যাবে ঐ ডাক্তারের একটি ওয়েব পেইজ ও একটি ই-মেইল এ্যাকাউন্ট। সাইটটিতে User Forum-এ ফ্রি সদস্য হলে যে-কেউ পেতে পারেন নির্ধারিত ডাক্তার বা ক্লিনিক হতে ১০০% পর্যন্ত ফ্রি চিকিৎসা সুবিধা। খুব শীঘ্রই এখানে যুক্ত করা হচ্ছে দেশের সুস্থ ও জটিল রোগীদের জন্য বিশেষ সাইট, যেখানে থাকবে তাদের রোগের কেস স্টাডি, টেস্ট রিপোর্টসহ সকল তথ্য। যাতে করে যে-কোনো ডাক্তার বিশ্বের যে-কোনো স্থান থেকেই এই রিপোর্টগুলো দেখে এসকল দুঃস্থ রোগের চিকিৎসা করতে পারেন। খুব শীঘ্রই এর ডাটাবেজকে PHPMySQL-এ রূপান্তরিত করা হচ্ছে। সাইটটি সম্পর্কে জানতে ব্রাউজ করুন— address www.doctorsofbangladesh.com

মোহনা ডট ইনফো

বাংলাভাষায় একটি পরিপূর্ণ ওয়েবপোর্টাল এটি। পত্রিকায় প্রকাশিত চাকরির বিজ্ঞাপনসহ, ফ্রি নিয়োগ বিজ্ঞপ্তির সুযোগ রয়েছে এই সাইটটিতে। ইন্টারনেটে সরাসরি বাংলা-খবর শোনার ব্যবস্থা, দেশী-বিদেশী হাসপাতালের ঠিকানা ও প্রয়োজনীয় তথ্য, প্রতিদিনের রাশিফল, জনপ্রিয় ব্যান্ডের বাংলা গান, মোবাইলপ্রেমীদের জন্য হাজারো রিংটোন, ঢাকার বিভিন্ন প্রতিষ্ঠানের নাম-ঠিকানা ও ফোন নাম্বার ইত্যাদি সব মিলবে এই ওয়েবসাইটে। ভ্রমণ, জ্ঞান-বিজ্ঞান, শিশুতোষ, চ্যাট-রুম, সাহিত্য, ব্যাংক ইত্যাদি সব রকমের তথ্য থাকছে এই পোর্টালে আর আছে বাংলাদেশের ও বাংলাদেশীদের দ্বারা প্রকাশিত সকল ওয়েব সাইটের লিঙ্ক। আপনার ওয়েবসাইটটি যদি এখনো মোহনাতে যুক্ত না হয়ে থাকে তাহলে আজই যোগ করে নিন মোহনাতে। এই সার্ভিসটি এখনো সম্পূর্ণ বিনামূল্যে। আপনার সাবমিট করা পেজে মোহনা স্পাইডার গিয়ে আপনার সাইট সম্পর্কে প্রয়োজনীয় তথ্য নিয়ে তৈরি হবে সার্চ ডাটাবেজ। চমৎকার এই পোর্টালটির উদ্দেশ্য সব ধরনের সব বাংলাভাষাভাষীদের প্রধান পোর্টালে পরিণত হওয়া। মোহনা আপনার জন্য ফ্রি ই-মেইল এ্যাকাউন্টও দিয়েছে। তাহলে ঘুরে আসুন— address www.mohona.info

আড্ডাক্যাফের যত কথা

নিউইয়র্কের এক ঝাঁক তরুণ-তরুণীদের অসাধারণ প্রয়াস এই আড্ডাক্যাফে। এটি মূলত একটি চ্যাট বা আইআরসি রুম তবে এদের ওয়েবপেজ রয়েছে— ইসলাম, নিউজ, ই-শপিং, শোবিজ, সাহিত্য, ভালোবাসা, ই-গ্রিটিং কার্ড, শিল্পকলা ও সংস্কৃতি, অনলাইন রেডিও, বাংলা-ইংরেজি অসংখ্য গানের ডাউনলোড ও শোনার ব্যবস্থা। আড্ডাক্যাফের নতুন সংযোজন এর সদস্য ক্লাব পেইজ, এখানে যে কেউ তার ছবিসহ অন্যান্য তথ্য রাখতে পারে— www.desidoom.com। বন্ধু বানানোর চমৎকার জায়গা এটি। আড্ডাক্যাফে এককালে জনপ্রিয় হোমভিউ বাংলাদেশ নামে পরিচিত ছিল। আড্ডাক্যাফে আপনাকে দেবে ফ্রি ই-মেইল এ্যাকাউন্ট, রান্নার রেসিপি, বাংলা ফন্ট ও ফ্রি বাংলা সফটওয়্যার। চ্যাটরুমের নিয়মিত চ্যাটাররা মাঝে মাঝেই আয়োজন করে ঢাকা ও নিউইয়র্কে গেট-টুগেদার পার্টির, এসব পার্টির উচ্ছ্বাসপূর্ণ ছবি উপভোগ করুন এই সাইটে। ইসলাম সম্পর্কিত নানা তথ্য, ওয়ালপেপার, ফ্রি-আজান সফটওয়্যার, আল-কোরানের তেলাওয়াত পাওয়া যাবে আড্ডাক্যাফের ইসলামিক পেজে। আড্ডাক্যাফের চ্যাটারদের জন্য রয়েছে চ্যাটরুম লিংক এবং ফ্রি আড্ডাক্যাফে স্ক্রিপ্ট। এদের আইআরসি এ্যাড্রেস হলো— irc.addacafe.com। আড্ডাক্যাফের ওয়েব ঠিকানা হলো— address www.addacafe.com ও www.addacafe.net



বাংলাদেশ পোস্টঅফিস অনলাইন

এটি বাংলাদেশের ডাক বিভাগের অফিসিয়াল অনলাইন ঠিকানা। ডাক বিভাগের সকল সার্ভিসের বিবরণ রয়েছে এতে। আপনি কত ওজনের চিঠি পাঠালে কত রাজস্ব দিতে হবে তা হিসাব করার জন্য সাইটে রয়েছে ক্যালকুলেটর। ই-মেইলের যুগেও আপনার প্রায়ই প্রিয়জনের কাছে অথবা অফিসিয়াল প্রয়োজনে সেই পুরাতন snail mail ব্যবস্থা ব্যবহার হয় বৈকি। প্রাইজবন্ডের নম্বর মেলানো, নতুন ডাকটিকিট-এর খবর ও ছবি, ডাক ও পার্সেল বা এক্সপ্রেস সার্ভিস সংক্রান্ত বিভিন্ন তথ্য জানতে পারবেন আপনি এই সাইটটিতে। সাইটটির বাংলা ভার্সনও রয়েছে যা ইউনিকোড ফন্ট দিয়ে করা হয়েছে। এখানে আপনার মেইল এ্যাকাউন্ট থাকলে ই-মেইলও চেক করতে পারেন। address http://www.bangladeshpost.gov.bd